

**সমাজকর্ম বিভাগের 'Post Self Assessment Improvement Plan (PSAIP)' শীর্ষক  
ওয়ার্কসপ অনুষ্ঠিত**



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের আওতায় Institutional Quality Assurance Cell (IQAC), JnU -এর সমাজকর্ম বিভাগের উদ্যোগে ১৫ জুলাই ২০১৮, রবিবার 'Post-Self Assessment Improvement Plan (PSAIP)' শীর্ষক ওয়ার্কসপ বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও IQAC -এর অতিরিক্ত পরিচালক ড. আইন-উল হুদা উপস্থিত ছিলেন।

ওয়ার্কসপে সভাপতিত্ব করেন সমাজকর্ম বিভাগের Self Assessment কমিটির আহবায়ক এবং চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন। এছাড়াও ওয়ার্কসপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার এবং বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।